**গুরুদয়াল সরকারি কলেজ**

কিশোরগঞ্জ

তারিখ : ১২/০২/২০২৩

**"২০২২ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্সে প্রাইভেট রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি"**

২০২২ সালের ডিগ্রি (পাস) বি.এ/বি.এস.এস/বি.বি.এস প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় প্রাইভেট প্রার্থী হিসেবে অংশগ্রহণেচ্ছুদের রেজিস্ট্রেশন সংক্রান্ত নিয়মাবলী নিম্নে দেয়া হ'ল ঃ

১. **রেজিস্ট্রেশনের আবেদন করার যোগ্যতা ঃ**

ক) বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে ২০২০ সাল বা তৎপূর্বে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ২০২২ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে বি.এ / বি.এস.এস / বি.বি.এস কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এ ছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এইচ.এস.সি. সমমান কোর্সসমূহ থেকে শুধুমাত্র ১। এইচ.এস.সি. (ভোকেশনাল) ২। ডিপ্লোমা-ইন-কমার্স ৩। এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে।

খ) O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৯ সাল বা তৎপর্বে A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ কোর্সে আবেদন করতে পারবে।

গ) ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী প্রাইভেট রেজিষ্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

ঘ) **বিএ (পাস) কোর্সের বিষয়সমূহ (প্রতিটি বিষয় গুচ্ছ থেকে একটি করে বিষয় নিয়ে মোট ৩টি বিষয় নিতে হবে):**
**১) ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি**
**২) দর্শন**
**৩) অর্থনীতি/ সমাজকর্ম/রাষ্ট্রবিজ্ঞান**

**ঙ) বিএসএস (পাস) কোর্সের চার পত্র বিশিষ্ট নিম্নলিখিত বিষয়গুলোর মধ্যে (১) গুচ্ছ হতে দুটি এবং অন্যান্য গুচ্ছের যে কোন একটি বিষয়সহ মোট তিনটি বিষয় নিতে হবে।**
**১) অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম**
**২) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ইতিহাস**
**৩) দর্শন**

চ) বিষয়গুচ্ছ অনুযায়ী প্রাইভেট (পাস) পরীক্ষার্থীদের বিষয় নির্বাচন করতে হবে। প্রাইভেট প্রার্থীগণ রেজিস্ট্রেশনের আবেদন পত্রে যে সকল বিষয় নির্বাচন করবে কেবলমাত্র সে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোনক্রমেই বিষয় পরিবর্তন করা যাবে না। কোন কোর্স/বিষয় সংশ্লিষ্ট কলেজে অধিভক্তি না থাকলে সে বিষয়ে রেজিষ্ট্রেশন করা যাবে না।

ছ) স্নাতক ডিগ্রিধারী যে কোনো ছাত্র/ছাত্রী (যে সকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস) পরীক্ষায় কৃতকার্য হয়েছে সে সব বিষয় ছাড়া) নিম্নের উল্লিখিত (৪ পত্র বিশিষ্ট) যে কোনো একটি বিষয়ে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশনের আবেদন করতে পারবে।

**বিষয় সমূহঃ দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা**

২. **রেজিস্ট্রেশনের আবেদন করার অযোগ্যতা ঃ**

ক) ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী প্রাইভেট রেজিষ্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

খ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

৩. **ক) ফিসের হার ঃ**

| | |
|---|---|
| ক) রেজিস্ট্রেশন ফি প্রতিজন | ৪৮৫/- (চারশত পঁচাশি) টাকা; |
| খ) প্রাথমিক আবেদন ফি প্রতিজন | ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা; |
| গ) ব্যবস্থাপনা ফি | ৫০/- (পঞ্চাশ) টাকা; |
| ঘ) ইনকোর্স ফি | ২০০/- (দুইশত) টাকা; |
| ঙ) সোনালী সেবা | ৫/- (পাঁচ) টাকা; |
| **সর্বমোট** | **৯৯০/- (নয়শত নব্বই) টাকা** |

**খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ভর্তি সংক্রান্ত ওয়েব সাইট থেকে ভর্তির আবেদন ডাউনলোডপূর্বক ৯৯০/- (নয়শত নব্বই) টাকা নগদ জমাদানের রসিদ কলেজ অফিস হতে সংগ্রহ করে কলেজ কাউন্টারে ফি জমা দিয়ে প্রয়োজনীয় সকল কাগজপত্রাদিসহ আগামী ১২/০২/২০২৩ তারিখ থেকে ২৮/০২/২০২৩ তারিখ পর্যন্ত সরকারী ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ১০.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত রাষ্ট্রবিজ্ঞান বিভাগে কমিটির নিকট জমা দিতে হবে।**

৪. **নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি আবেদনপত্রের সংগে জমা দিতে হবে ঃ**

ক. মাধ্যমিক/সমমান এবং উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের মূল ও সত্যায়িত ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য উল্লিখিত সনদপত্র ও নম্বরপত্রের মূল ও সত্যায়িত ফটোকপিসহ স্নাতক (পাস) পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি (মূল সনদপত্র ও নম্বরপত্র স্ব স্ব কলেজ কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন)।

খ. কোন অধিভুক্ত কলেজের অধ্যক্ষ অথবা কোন প্রথম শ্রেণীর গেজেটেড অফিসারের নিকট থেকে চারিত্রিক সনদপত্র এবং পাঠ বিরতির প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

গ. সাদা কাগজে পরীক্ষার্থীর ০৩ (তিন) টি সত্যায়িত নমুনা স্বাক্ষর এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত চার কপি রঙ্গীন ছবি জমা দিতে হবে। এখানে উল্লেখ্য যে, যে কর্মকর্তা নমুনা স্বাক্ষর সত্যায়িত করবেন তিনি ছবিও সত্যায়িত করবেন।

ঘ. পূরণকৃত আবেদন পত্রের দুইটি ফটোকপি জমা দিতে হবে।

ঙ. সামরিক বাহিনী, পুলিশ, বিজিবি ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীদেরকে তাদের চাকুরী দু-বছর পূর্ণ হয়েছে এ মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তাদের চাকুরীতে নিয়োগের তারিখ, পরীক্ষার অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল থাকার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয় প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।

চ. সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে প্রত্যয়ন পত্রে উল্লেখ থাকতে হবে।

**ছ. উল্লিখিত কাগজপত্র সংরক্ষণের জন্য একটি বড় খাম সঙ্গে আনতে হবে।**

**বিঃ দ্রঃ উপরোল্লিখিত কাগজপত্র যে কোন একজন গেজেটেড অফিসারের নামসহ সীল ব্যবহারযুক্ত সত্যায়িত হতে হবে।**

অধ্যক্ষ
গুরুদয়াল সরকারি কলেজ
কিশোরগঞ্জ